

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১১৯

তেলিয়ামুড়া, ০৮ ডিসেম্বর, ২০২৩

পিএম শ্রী প্রকল্প

**মোহরছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বালিকা মঞ্চ**

মোহরছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের উদ্যোগে গতকাল মহানন্দ রায় স্মৃতি কমিউনিটি হলে পিএম শ্রী প্রকল্পের বিষয়ে বালিকা মঞ্চ নামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া ব্লক আধিকারিক দেবপ্রিয়া দাস, তেলিয়ামুড়া ব্লক বিদ্যালয় পরিদর্শক বিশ্বজিৎ দেববর্মা, বিশিষ্ট নাট্যকার মনোরঞ্জন গোপ প্রমুখ। সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির সদস্য নিরোদবরন দাস। বক্তব্য রাখেন মোহরছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীপক দাস। অনুষ্ঠানের উদ্বোধক শ্রী সরকার বক্তব্য রাখতে গিয়ে বলেন, শিশুদের ভবিষ্যৎ আরও সুরক্ষিত করতে ও শিক্ষা ব্যবস্থার ভিত মজবুত করতে স্কুলগুলিকে আরও উন্নত করার পরিকল্পনা নিয়েছে কেন্দ্রীয় সরকার। শিক্ষক দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পিএম শ্রী বিদ্যালয় প্রকল্পের অধীনে সারা দেশে ১৪ হাজার ৫০০টি স্কুলকে আপডেট করার ঘোষণা করেছেন বলে তিনি জানান। এই স্কিমের উদ্দেশ্য, দেশের শিক্ষা ব্যবস্থার সামগ্রিক উন্নয়ন ও জাতীয় শিক্ষানীতিকে সুদৃঢ় ভাবে এগিয়ে নিয়ে যাওয়া। তিনি আরও বলেন, দেশের প্রত্যেকটি ব্লকে ১ টি করে পিএম শ্রী বিদ্যালয় থাকবে। এছাড়া অন্যান্য অতিথিগণও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রীরা সংগীত, নৃত্য ও একটি নাটক পরিবেশন করেন। এছাড়া অতিথিদের নিয়ে ও বিদ্যালয়ের ২৩ জন ছাত্রীকে নিয়ে একটি বালিকা মঞ্চ গঠন করা হয়।

\*\*\*\*\*